
নব চিত্রভারতী লিঃ নিবেদিত
গৃহপ্রবেশ
পরিচালনা- অজয় কর

নব চিত্রভারতী লিমিটেড

এর প্রথম নিবেদন

# গৃহপ্রবেশ

**পরিচালনা ঃ—অজয় কর**

কাহিনী ঃ—কানাই বসু। সঙ্গীত ঃ—মুকুল রায়।

কণ্ঠ সঙ্গীতে ঃ—গীতা রায় (দত্ত) ও মান্না দে

কৃষ্ণা ব্যানার্জি।

চিত্রনাট্য ঃ—তুলসী লাহিড়ী চিত্র গ্রহণ ঃ—বিমল মুখোপাধ্যায়।

সম্পাদনা ঃ—দুলাল দত্ত শব্দ গ্রহণ ঃ—বানী দত্ত।

শিল্প নির্দ্দেশ ঃ—কার্ত্তিক বসু গান রেকর্ডিং ঃ—ঈশান ঘোষ (বোম্বে)

প্রধান কর্ম্ম সচিব ঃ—অনিল কুমার সেনগুপ্ত

## অভিনয়ে

সুচিত্রা সেন, উত্তম কুমার, মঞ্জু দে, বিকাশ রায়, পাহাড়ী সান্যাল, মলিনা দেবী, জহর গাঙ্গুলী, অর্পণা, হরিমোহন, তুলসী চক্রঃ, ভানু বন্দ্যোঃ, নৃপতি, পান্নালাল, কালো বাবু, খগেন পাঠক এবং মিঠু ও জলী।

ক্যালকাটা মুভিটোন ষ্টুডিওতে

আর, সি, এ শব্দযন্ত্রে গৃহীত।

একমাত্র পরিবেশক


**কিনেমা এক্সচেঞ্জ লিমিটেড**

৩/২ ম্যাডান ষ্ট্রীট, কলিকাতা—১৩

## কাহিনী

আজ সরকারদের নতুন বাড়ীতে গৃহপ্রবেশ। বাড়ীর কর্ত্তা প্রসন্নবাবু ভীষণ ব্যস্তবাগীশ লোক। সকাল থেকেই তাই বাড়ীতে হুলস্থূল। তাঁর বোন ডেপুটি-গিন্নী মহালক্ষ্মীর সকাল সকাল আসবার কথা। সে এসে পৌঁছয়নি। একা সুকুমারী পেরে উঠছেন না। ওদিকে পিতৃ-বন্ধু পরেশ বাবু এবং গৃহিনীর কে এক কাকাবাবু—তাঁরাও এসে পড়েননি।

কর্তার ছোট ভাই পৃথ্বিশ এম্ এ পাশ সখের তবলিয়ে বাজার থেকে ফেরার পথে তার খেয়াল হলো অনেক দিন সুরমার সঙ্গে দেখা হয়না—একবার দেখা করা উচিত। সুরমা তাদের নতুন বাড়ীর কাছেই দাদা-বৌদির সঙ্গে থাকে।



সুরমার সঙ্গে তার প্রথম পরিচয় গানের সূত্রে। বাড়ী তৈরীর সময় পৃথ্বিশ এখানে তদারকে আসতো। সুরমা গাইতো আর পৃথ্বিশ তবলা বাজিয়ে তার লয় ঠিক করে দিতো। হঠাৎ একদিন সে টের পেলো গানকে উপলক্ষ করে তার মন সুরমাকে নিয়ে স্বপ্নের জাল বুনছে। লাজুক স্বল্পভাষী পৃথ্বিশ সরে গেলো। সুরমা তাকে ভুল বুঝলো—ভাবলো তারা গরীব বলেই পৃথ্বিশ সরে গেলো। আজ এতোদিন বাদে পৃথ্বিশকে দেখে সুরমার সঞ্চিত অভিমান ফেটে পড়লো। সে স্পষ্ট জানিয়ে দিলো গৃহ প্রবেশের উৎসবে সে যাবেনা। পরে সুকুমারী নিজে এসে তাকে নিয়ে গেলেন। পৃথ্বিশ খোঁচা দিয়ে বললে—"সেই তো এলে—তা' আমাকে অতো কথা শুনালে কেন?" চাপাহাসি হেসে সুরমা বললো "বেশ করেছি"।

এদিকে বঙ্কুবাবু বলে একজন নিরাশ্রয় বৃদ্ধ ভদ্রলোক খিদের জ্বালা সইতে না পেরে সরকারদের বাড়ীতে ঢুকে পড়েছেন। কর্ত্তা মনে করলেন ইনি গৃহিণীর বিহারী কাকাবাবু। গৃহিণী মনে করলেন কর্ত্তার পিতৃ-বন্ধু পরেশবাবু। শিশুরা মনে করলো তাদের দাদু। দরাজ অভ্যর্থনা জুটলো বৃদ্ধের বরাতে। ছেলে মেয়েদের নিয়ে তিনি খুসীর জোয়ারে ভেসে গেলেন। বঙ্কুবাবুর মনে পড়ে; অনেক, অনেক দিন আগে তাঁরও এমনি একটি সোনার সংসার ছিলো। আর পেটের জ্বালায় চুরি করে উৎসবের



বাড়ীতে ঢুকতে হতোনা।

ডেপুটি-গৃহিণী লক্ষ্মী আসার পরই আবিষ্কার হলো সুকুমারীর সিন্দুকের চাবি পাওয়া যাচ্ছেনা। পৃথ্বিশ আসবার পর জানা গেলো ইনি পরেশবাবু নন, গৃহিণী জানালেন ইনিতো বেহারী কাকাও নন। তবে ইনি কে? ডেপুটি গৃহিণী নিশ্চিত ঘোষণা করলেন, ইনিই চুরি করেছেন। ডেপুটি এসে বল্লেন "জেরা করবো" কিন্তু কে কাকে জেরা করে?

বুড়ো কোথায় উধাও হয়েছে আর সেই সঙ্গে ছেলে মেয়েরাও।

ডেপুটি নিখিল গাড়ী নিয়ে বেরুলেন বুড়োকে ধরতে—এদিক ওদিক ঘুরে এক জায়গায় বুড়োকে শিশুদের সঙ্গে ধরলেন। তার পর নিয়ে এলেন তাকে বাড়ীতে।

সবাই বুঝলেন আজ আর বৃদ্ধের নিস্তার নেই। প্রসন্ন, সুকুমারী শঙ্কাকুল। পৃথ্বিশ কিংকর্ত্তব্যবিমূঢ়। বঙ্কু ও শিশুরা ভীত সন্ত্রস্ত। নিখিল বিচারক, মহালক্ষ্মী অভিযোগকারিনী এবং বৃদ্ধকে বাঁচাবার জন্য দাঁড়ালো এই গৃহে স্বল্প পরিচিতা, দরিদ্র কন্যা, তেজস্বিনী সুরমা—তারপর?……



# গান

(১)

বরসৈ বদারিয়া শাওন কী
শাওন কী মন ভাবন কী ॥
শাওন মে উমগ্যো মেরে মন্ওয়া
ভণক স্থনী হরি আওয়ন কী ॥
উমড় ঘুমড় হুঁ দিষিসে আয়ো
দামন দমক ঝরলাওয়ন কী ॥
নন্হী নন্হী বুঁদন মেহা বৈসে
শীতল পবন সোহায়ন কী ॥
মীরা কে প্রভু গিরি-ধর নাগর
আনন্দ মঙ্গল গাওন কী।

—মীরাবাই

(২)

খেলার ছলে হরি-ঠাকুর গড়েছেন এই জগৎ খানা।
চারিদিকে সব খেলার মেলা, খেলা কেবল আনাগোনা ॥
খেলতে খেলা ভবের পাশে
কোথেকে সব মানুষ আসে,
খানিক খেলে খেলনা ফেলে কোথায় যে যায় যায়না জানা ॥

৺রাজকৃষ্ণ রায়।



আলোক সম্পাত্ ঃ—হরেন গাঙ্গুলী
দৃশ্যপট ও রূপসজ্জা—এস, রামচন্দ্র।
প্রচার পরিচালনা—ক্যাপস (C. A. P. S.)
স্থির চিত্র—ষ্টুডিও সাংগ্রীলা (এড্না লরেঞ্জ)
পরিস্ফুটন—ফিল্ম সার্ভিস।

০0০

## সহকারী সংগঠনকারীগণ

প্রধান সহকারী পরিচালনায়—হীরেণ নাগ
ঐ ঐ—অরুণ দে
চিত্রগ্রহনে—দীপক দাস ও সাধন রায়
শব্দগ্রহনে—ঋষি বন্দোপাধ্যায়
সম্পাদনায়—সুকুমার সেন গুপ্ত
শিল্পনির্দ্দেশে—সোমনাথ চক্রবর্ত্তী
আলোক সম্পাতে—সুধীর, অভিমন্যু, অবনী, দুখী, লক্ষীকান্ত
ব্যবস্থাপনায়—গান্ধী বসু (বড়) গোপাল, আশু, কানাই (ছোট)

---

ARTINE PRESS LIMITED
24 RIPON STREET

জম্বু প্রোডাকসন্স (মাদ্রাজ)

নিবেদিত

# লাজ

অভিনয়ে :

**বৈজয়ন্তীমালা**

করন দেওয়ান • ওমপ্রকাশ

রনধীর • রাজ মেহ্‌রা • শাম্মী

পরিচালনা : এম. ভি. রমন

সঙ্গীত : সি. রামচন্দ্র

গীত ও সংলাপ : রাজেন্দ্র কৃষ্ণ

একমাত্র পরিবেশক :

কিনেমা একচেঞ্জ লিমিটেড

৩/২ ম্যাডান ষ্ট্রীট • কলিকাতা - ১৩

CAPS/JOYDEV